

প্রকাশ : ১৫ জুলাই, ২০১৭ ১৩:৩৩
আপডেট : ১৫ জুলাই, ২০১৭ ১৪:১৫

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

চিকুনগুনিয়া রোধে সর্বশক্তি দিয়ে মাঠে নেমেছি : আনিসুল হক

অনলাইন ডেস্ক



অল্প সময়ের মধ্যেই চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে চলে আসবে বলেও আশাবাদ ব্যক্ত করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। তিনি বলেন, চিকুনগুনিয়ার বাহক এডিস মশা মারতে যা যা করার, আমরা করছি, করবো।

শনিবার নগর ভবনের সামনে থেকে চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত এক র্যালির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মশা নিধন কার্যক্রম বাড়ানোর কথা জানিয়ে আনিসুল হক আরও বলেন, আমাদের সমস্ত শক্তি দিয়ে আমরা মাঠে নেমেছি। আমাদের প্রতিটি ওয়ার্ডে আলাদা আলাদা দিনে এরকম বৃহৎ পরিসরে সচেতনতামূলক কার্যক্রম চলবে। মশক নিধন কার্যক্রমে কেউ অবহেলা করলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেয়া হবে। যেখানে ৫ দিন পর পর মশা নিধনের ওষুধ প্রয়োগের কথা, সেখানে আমরা তিন দিন পর পর প্রয়োগ করছি।

আশা পূরণ না হলে মশক নিধককর্মীদের বেতন বন্ধের হুঁশিয়ারি দিয়ে মেয়র বলেন, ডিএনসিসির এলাকাভুক্ত সব রাস্তার তালিকা করেছি। মশক নিধন কর্মীরা সে অনুযায়ী কাজ করবেন। আর এলাকার মানুষ যদি মশক নিধক কর্মীদের দিয়ে আশানুরূপ ফল না পান, তাহলে সেসব মশক নিধককর্মীদের বেতন দেয়া হবে না।

চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত র্যালিতে ডিএনসিসির কর্মকতা-কর্মচারী, স্থানীয় সংসদ সদস্য, কাউন্সিলর, এলাকাবাসী এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশ নেন।

বিডি-প্রতিদিন/১৫ জুলাই, ২০১৭/মাহবুব